



সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ।

২০১৬ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার (১ম বর্ষ নিয়মিত/প্রাইভেট ফরম পূরণের বিজ্ঞপ্তি :

তারিখ: ১৯/১১/২০১৬ ইং

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স এবং প্রাইভেট পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online form Fillup (For Student)- এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। প্রিন্টকৃত আবেদন নিয়ে শিওর ক্যাশে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃক নির্ধারিত ফি জমা দিয়ে Transaction ID আইডি সংগ্রহপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে।

ফরম পূরণের তারিখ ও সময়: (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট)

তারিখ	বার	শাখা	সময়
২৭/১১/২০১৬	রবিবার	বি.এ ও বি.এস.সি	সকাল ৯:৩০ থেকে দুপুর ১:৩০ টা পর্যন্ত
২৮/১১/২০১৬	সোমবার	বি.বি.এস	সকাল ৯:৩০ থেকে দুপুর ১:৩০ টা পর্যন্ত
২৯/১১/২০১৬	মঙ্গলবার	বি.এস.এস	সকাল ৯:৩০ থেকে দুপুর ১:৩০ টা পর্যন্ত

পরীক্ষা ফি এর বিবরণ:

ক্র. নং.	ফিসের বিবরণ	টাকার পরিমাণ (নিয়মিত)	টাকার পরিমাণ (প্রাইভেট)
০১	পরীক্ষার ফি	৭০০.০০	৭০০.০০
০২	ইনকোর্স ফি (জা:বি:)	১০০.০০	৩০০.০০
০৩	কেন্দ্র ফি	৪৫০.০০	৪৫০.০০
০৪	ব্যবস্থাপনা	৫০.০০	৫০.০০
	সর্বমোট=	১৩০০.০০	১৫০০.০০

সার্টিফিকেট কোর্স : (পত্র ফি- ২০০/- + ইনকোর্স- ৩০০/- + কেন্দ্র ফি- ৪৫০ + ব্যব.- ৫০/-) = ১০০০/- (একহাজার) টাকা।

(ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) :

- ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

(খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা অনিয়মিত :

- ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted- C) হয়েছে সেসকল শিক্ষার্থীগণ F গ্রেডে প্রাপ্ত বিষয়ে এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

গ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা মানোন্নয়ন পরীক্ষার্থী :

- ২০১৩-১৪, ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের মধ্যে যারা Not Promoted হবে বা কোন পত্রে C গ্রেড, D গ্রেড ও F গ্রেড পাবে তাদের আবেদন ফরম পূরণের জন্য ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের পর পৃথকভাবে বিজ্ঞপ্তি দেওয়া হবে। উল্লেখ্য ২০১৩-১৪, ২০১৪-১৫ (অকৃতকার্য ও মানোন্নয়ন) এবং ২০১৫-১৬ শিক্ষাবর্ষের সকল শিক্ষার্থীর পরীক্ষা একই সাথে অনুষ্ঠিত হবে।

(ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) :

- ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

আবেদন ফরম পূরণের নিয়ম ও প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ:

- রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (সত্যায়িত) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।
- ব্যাংকে টাকা জমা দেওয়ার রশিদের ফটোকপি দিতে হবে।

বিঃদ্র: নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।

১৯/১১/১৬
অধ্যক্ষ

সরকারি হরগঙ্গা কলেজ
মুন্সিগঞ্জ।